অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

জীবন যাপনের জন্য সংগ্রাম করতে থাকা পরিবার এবং ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের সাহায্য করার জন্য গভর্নর হোকলের 64 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা

128,000 এরও বেশি পরিবারের ডায়াপার সংক্রান্ত ব্যয় এবং একাধিক প্রজন্ম নিয়ে বসবাসকারী 26,000 এরও বেশি পরিবারের খাবার সংক্রান্ত ব্যয় পরিশোধে সাহায্য করার জন্য মহামারীকালীন জরুরি সহায়তা তহবিল

ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের আবাসন ও স্থানান্তরের ব্যয় পরিশোধ করতে সাহায্য করবে

সরকারি সহায়তা অথবা সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে তালিকাভুক্ত থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য নির্ধারিত ফেডারেল তহবিল

গভর্নর ক্যাথি হোকল আজ চলমান কোভিড-19 মহামারীর এই সময়ে সন্তান নিয়ে সংগ্রাম করতে থাকা নিউ ইয়র্কবাসী, একাধিক প্রজন্ম নিয়ে বসবাসকারী পরিবার, এবং ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদেরকে তাদের ব্যয় পরিশোধের ক্ষেত্রে সাহায্য করার জন্য 64 মিলিয়ন ডলারেরও বেশি ফেডারেল তহবিল বরাদ্দ দেয়ার ঘোষণা দিয়েছেন। স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) এবং স্টেটের ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তর (Office for the Prevention of Domestic Violence)-এর মাধ্যমে প্রদানকৃত এই মহামারীকালীন জরুরি সহায়তা তহবিল জীবন সংগ্রামে লিপ্ত পরিবারগুলোর ডায়াপার কেনার খরচের ব্যাপারে সাহায্য করতে, শিশু ও প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি রয়েছেন এমন পরিবারগুলোর খাবারের খরচ পরিশোধ করতে, এবং ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের জন্য অতি গুরুত্বপূর্ণ আবাসন ও স্থানান্তর সহায়তা প্রদান করতে এককালীন পেমেন্ট প্রদান করবে।

"মহামারী আমাদের সমাজে বিদ্যমান অসমতাগুলো চোখের সামনে নগ্নভাবে তুলে ধরেছে, যা ইতোমধ্যে সংগ্রাম করতে থাকা ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের আরো পিছিয়ে দিয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের ফেডারেল অংশীদারদের সাহায্য নিয়ে, আমার প্রশাসন অল্পবয়সী শিশু রয়েছে এমন পরিবার, পরিবারের একজন বয়স্ক সদস্যকে সহায়তা করতে হয় এমন পরিবার, এবং ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের উপর এই জনস্বাস্থ্য সংকটের বোঝা হালকা করার জন্য সুস্পষ্ট সিদ্ধান্ত গ্রহণ করছে। এই জরুরি তহবিল হাজার হাজার পরিবারকে খাদ্য ও

ডায়াপারের খরচ পরিশোধ করতে সাহায্য করবে, এবং একই সময়ে স্থানান্তর ও আবাসন সহায়তার প্রয়োজন থাকা ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের জন্য একটি লাইফলাইন প্রদান করবে।"

এই মাস থেকে শুরু করে OTDA সরকারি সহায়তা অথবা সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program, SNAP) তালিকাভুক্ত যেসব পরিবারে তিন বছরের কম বয়সী শিশু রয়েছে তাদের জন্য এককালীন পেমেন্ট ইস্যু করবে। পরিবারগুলো প্রত্যেক উপযুক্ত শিশুর জন্য ডায়াপার কেনার খরচের ব্যাপারে সহায়তার জন্য 140 ডলার করে পাবে, যে তহবিল স্টেটব্যাপী 128,500 পরিবারের আনুমানিক 150,000 শিশুকে সাহায্য করবে বলে আশা করা হচ্ছে।

এছাড়াও সরকারি সহায়তা বা SNAP-এ তালিকাভুক্ত রয়েছে, এবং 55 বছর বা তার বেশি বয়সী একজন প্রবীণ এবং 17 বছর বা তার কম বয়সী একজন শিশু উভয়েই রয়েছে এমন পরিবারগুলোর খাবারের খরচ পরিশোধের জন্য সংস্থাটি এপ্রিল মাসে 730 ডলারের এককালীন অর্থ প্রদান করবে। পরিবারের প্রত্যেক উপযুক্ত প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তির জন্য পরিবারগুলো এককালীন পেমেন্ট পাবে। আনুমানিক 26,300 পরিবার এই সহায়তা পাবে বলে আশা করা হচ্ছে।

উভয় ক্ষেত্রে, OTDA পরিবারের ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার (EBT) অ্যাকাউন্টে সরাসরি এই অর্থ পাঠিয়ে দেবে। এই দুই উপায়ে মহামারীকালীন জরুরি সহায়তা তহবিল থেকে সংগ্রামে লিপ্ত নিউ ইয়র্কবাসীদেরকে আনুমানিক 42.8 মিলিয়ন ডলারের সহায়তা প্রদান করা হবে।

OTDA-এর ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "প্রশ্নাতীতভাবে, নিউ ইয়র্কবাসীরা এখনো মহামারীর ধাক্কা কাটিয়ে উঠতে পারেননি, যাদের মধ্যে অনেকেই আনুমানিক দুই বছর আগে এই জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থা শুরুর আগে থেকেই জীবন ধারণ করতে সংগ্রাম করে যাচ্ছিলেন। এই মহামারীর নিয়ে আসা অর্থনৈতিক অনিশ্চয়তা থেকে সম্মিলিতভাবে আমাদের পুনরুদ্ধারের এই সময়ে এই তহবিল অল্প বয়সী শিশু অথবা প্রবীণ সদস্য রয়েছে এমন পরিবারগুলোকে অল্প সময়ের জন্য হলেও গুরুত্বপূর্ণ স্বস্তি প্রদান করবে।"

সেইসাথে, অভাবী পরিবারের জন্য সাময়িক সহায়তা (Temporary Assistance for Needy Families) পাওয়ার যোগ্য সন্তান সহ ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের সাহায্য করার জন্য ঘরোয়া সহিংসতা সম্পর্কিত পরিষেবা প্রদানকারীদের মধ্যে বিতরণের জন্য এই মহামারীকালীন জরুরি সহায়তা তহবিল OPDV-এর জন্য 21.4 মিলিয়ন ডলার বরাদ্দ করবে। এই তহবিল ভুক্তভোগীদেরকে ভাড়া, ইউটিলিটি, ও মেরামত সহ স্থানান্তরের সাথে সম্পর্কিত স্বল্প-মেয়াদী খরচগুলোর অর্থ পরিশোধ করতে সাহায্য করবে।

OPDV-এর এক্সিকিউটিভ ডিরেক্টর কেলি ওয়েন্স বলেন, "ভুক্তভোগীদের চাহিদা ও মতামতকে আমরা ঘরোয়া সহিংসতা ও যৌন সহিংসতা সংক্রান্ত পরিষেবা পৌঁছে দেয়ার সিস্টেমগুলোকে আরো বেশি ভুক্তভোগী-কেন্দ্রিক, মানসিক আঘাত সম্পর্কে অবহিত ও সাংস্কৃতিকভাবে সাড়া প্রদানকারী করে রূপান্তরের জন্য আমাদের কার্যক্রমের অগ্রভাগে স্থান

দিয়েছি। ভুক্তভোগীরাই তাদের প্রয়োজন সম্পর্কে সবচেয়ে ভালো জানেন, এবং এই তহবিল পরিষেবা প্রদানকারীদেরকে সেসব প্রয়োজন তাৎক্ষণিকভাবে ও নমনীয়তার সঙ্গে পূরণ করার জন্য সরাসরি ভুক্তভোগীদের সঙ্গে কাজ করার সুযোগ করে দিবে, বিশেষ করে কৃষ্ণাঙ্গ, আদিবাসী, এবং অশ্বেতাঙ্গ ভুক্তভোগীদের সঙ্গে। ঘরোয়া সহিংসতা প্রতিরোধে তার অবিচল অঙ্গীকারাবদ্ধতার জন্য এবং ভুক্তভোগীদের জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা পাওয়া নিশ্চিত করতে তার নেতৃত্বের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

মানসিক চাপ, বেকারত্ব, ও আর্থিক চাপের কারণে লোকজন তাদের সঙ্গীদের উপর নিপীড়ন করে না, কিন্তু এসব বিষয় সহিংসতার প্রতিনিয়তা ও তীব্রতা বৃদ্ধির কারণ হতে পারে, এবং ভুক্তভোগীর জন্য আরো বেশি বিপজ্জনক পরিস্থিতি তৈরি করতে পারে, বিশেষ করে যখন এটি সামাজিক দূরত্ব বজায় রাখার ফলে সৃষ্ট বর্ধিত বিচ্ছিন্নতার সঙ্গে যোগ হয়। কোভিড মহামারীরর অবস্থা যখন তুঙ্গে, যেসময়ে নিউ ইয়র্ক স্টেটের ঘরোয়া ও যৌন সহিংসতা সংক্রান্ত হটলাইনে ফোন কলের সংখ্যা গড়ে 45 শতাংশ বেড়ে গিয়েছিল।

রিপ্রেজেন্টেটিভ অ্যাড্রিয়ানো এসপেইলাট বলেন, "আজকের এই দিনে এবং ভবিষ্যতের প্রতিটি দিন, আমরা নিউ ইয়র্কের ও দেশব্যাপী ঘরোয়া সহিংসতার শিকার ভুক্তভোগী, বেঁচে ফিরে আসা ব্যক্তি, ও পরিবারগুলোকে বরণ করে নেয়ার জন্য একতাবদ্ধ রয়েছি। কোভিড-19 মহামারীর এই সময়ে ঘরোয়া সহিংসতা আরেকটি মহামারীতে পরিণত হয়েছে যেখানে সহিংসতার ঘটনা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, এবং এই চলমান কোভিড-19 মহামারীর মধ্যে নিউ ইয়র্কের পরিবারগুলোকে ও ভুক্তভোগীদেরকে ঘরোয়া সহিংসতা সম্পর্কিত ব্যয় বহনে সাহায্য করার জন্য 64 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল বরাদ্দ দেয়া সম্পর্কে গভর্নর হোকলের আজকের ঘোষণার জন্য আমি তাকে সাধুবাদ জানাই। আমাদের কখনোই নিপীড়নমূলক সম্পর্কে জড়িয়ে থাকা পরিবারগুলোর পাশে দাঁড়ানো ত্যাগ করা চলবে না, এবং আমাদের কমিউনিটিগুলোকে প্রভাবিতকারী নিপীড়ন বন্ধ করা এবং পরিবারগুলো যাতে নিজেদের জীবন পুনরুদ্ধার ও পুনর্নির্মাণের সময়ে তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য সহায়তা ও সংস্থানগুলো পায় তা নিশ্চিত করার জন্য আমাদের অতি গুরুত্বপূর্ণ কাজ বাকি রয়ে গেছে।"

স্টেট সিনেটর রোক্সেন পারসুয়েড বলেন, "এই 64 মিলিয়ন ডলারের ফেডারেল মহামারীকালীন সহায়তা খাদ্য অনিরাপত্তায় ভুগতে থাকা পরিবার, ঘরোয়া সহিংসতার ভুক্তভোগী ব্যক্তি ও পরিবার, এবং নবজাতক ও অল্পবয়সী শিশুদের জন্য পর্যাপ্ত ডায়াপার নেই এমন পরিবারগুলোর জন্য ত্রাণ প্রদান করবে, যেসব সমস্যার সবগুলো নিয়েই আমি কথা বলে আসছিলাম। নিউ ইয়র্ক স্টেটব্যাপী সবচেয়ে অভাবী পরিবারগুলোর প্রতি তার অব্যাহত সহমর্মীতা ও নিবেদিত মনোভাবের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। এই মহামারী এবং এর অর্থনৈতিক প্রভাব প্রত্যেক কমিউনিটির ও জীবনের প্রতিটি ক্ষেত্রের নিউ ইয়র্কবাসীদেরকে ক্ষতিগ্রস্ত করেছে।"

###